

৩২

৩২

**পরীক্ষার খাতা সঠিকভাবে
পুনঃনিরীক্ষণের আবেদন**

আমি ১৯৮৯ সনের ৮ই জুন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর অধীনে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করি। আমার কেন্দ্র ঢাকা এবং রোল নং-৫৮৬৬৫। যথারীতি এই পরীক্ষার ফলাফলও ঘোষণা করা হয়; কিন্তু তিনটি বিষয়ের নম্বর আমার মনোপুত্র না হওয়ায় আমি পুনঃনিরীক্ষণের জন্য আবেদন জানাই, করেকদিন আগে ইহার উত্তর আদে। এতীব্র দুঃখের বিষয় যে, নম্বর পূর্ববৎ রয়েছে। আমি চ্যালেঞ্জ করে বলতে পারি যে, আমি যদি উদ্ভিদ বিজ্ঞান, প্রাণিবিজ্ঞান এবং পদার্থ বিজ্ঞান ২য় পত্রের লিখিত পরীক্ষায় যথাক্রমে ৩৪, ৪৪ এবং ৪০ পাই তাহলে কোন ছাত্র-ছাত্রী ৫৫ পেতে পারে না। তাই সংশ্লিষ্ট কতৃপক্ষের নিকট আমার জিজ্ঞাসা, পুনঃনিরীক্ষণ-এর জন্য যে তাঁরা আবেদনপত্র গ্রহণ করেন তার কি সঠিকতার অর্থে কোন গুরুত্ব দেন? কিংবা আমাদের কাছ থেকে পুনঃনিরীক্ষণের জন্য আদায়কৃত টাকা কি পুনঃনিরীক্ষণের জন্য ব্যয় করেন? আর ব্যয় করলে তাঁরা কি সঠিকভাবে বিচার-বিবেচনা করেন? আমি পূর্বভাবে বলতে পারি যে, তাঁরা সঠিকভাবে বিবেচনা করলে প্রত্যেকটি বিষয়েই কিছু না কিছু নম্বর বাড়তো। আমাদের শিক্ষকসমাজ অনেকাংশে দায়িত্বহীন। তাঁরা অন্যকে দিয়ে খাতা দেখান ফলে কোন ছাত্র-ছাত্রী উচ্চ মানের কোন বই থেকে নোট করে লিখলে নম্বর অপেক্ষাকৃত কম পান। তাই উত্তরপত্রকে সঠিকভাবে পুনঃমূল্যায়ন করা হলে তাঁরা হয়তো তাদের দায়িত্বহীনতার কথা অনুভব করতে পারতেন।

তাই সংশ্লিষ্ট কতৃপক্ষের নিকট আবেদন, তাঁরা যেন ছাত্র-ছাত্রীদের হয়রানি না করে পুনঃনিরীক্ষণের জন্য গৃহীত আবেদনপত্রের যথাযথ মূল্যায়ন করে উত্তরপত্র সঠিকভাবে পুনঃনিরীক্ষণের ব্যবস্থা গ্রহণ করে ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎকে সুপ্রসন্ন করেন।

শরীফ মাসুদা ইসলামত,
৪২৬/সি বিলগাঁও, ঢাকা-১২১৯।